গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১২২/২০১৯-২০২০

ঢাকা ১১ ডিসেম্বর বুধবার ২০১৯, ২৬ অগ্রহায়ণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আন্তর্জাতিক বিচার আদালতে রোহিঙ্গা গণহত্যার বিচার শুরু
রোহিঙ্গাদের রক্ষায় আদালতের অন্তর্বর্তী আদেশ চায় গাম্বিয়া
২। রাষ্ট্রীয় সব অনুষ্ঠানে জাতীয় স্লোগান 'জয় বাংলা' : হাইকোর্টের নির্দেশ
৩। নির্ধারিত সময়ের মধ্যেই এসডিজি বাস্তবায়ন : আইসিসিবি'র সম্মেলনে রাষ্ট্রপতি
৪। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণসহ সাত প্রকল্প একনেকে অনুমোদন
৫। অপরাধী যে-ই হোক না কেন, শাস্তি পেতেই হবে : মানবাধিকার দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৬। রোহিঙ্গা ইস্যুতে পাশে আছে তুরস্ক : স্পিকারকে রাষ্ট্রদূত
৭। মিয়ানমারের সেনা কর্মকর্তাদের ওপর যুক্তরাষ্ট্রের নতুন নিষেধাজ্ঞা
৮। সন্তানদের ভালো কাজে ব্যস্ত রাখুন : উগ্রবাদবিরোধী জাতীয় সম্মেলনের সমাপনীতে স্বরাষ্ট্রমন্ত্রী
৯। কর আদায়ে হয়রানি করা হবে না : সেরা ভ্যাটদাতাদের সম্মাননা অনুষ্ঠানে অর্থমন্ত্রী
১০। ২০১৮-১৯ অর্থবছরে বিবিএসের চূড়ান্ত হিসাবে জিডিপি প্রবৃদ্ধি ৮.১৫%
১১। সব গ্রামকে কমিউনিটিভিত্তিক করা হবে : স্থানীয় সরকার মন্ত্রী
১২। দেশে সংখ্যালঘু নির্যাতনের দৃষ্টান্ত নেই : লোকসভায় অমিত শাহের বক্তব্যের প্রতিক্রিয়ায় পররাষ্ট্রমন্ত্রী
১৩। জলবায়ু অভিঘাত জীবন ও জীবনযাত্রা সঙ্কটাপন্ন করবে :
স্পেনে জাতিসংঘের ২৫তম জলবায়ু সম্মেলনে পরিবেশমন্ত্রী
১৪। অবৈধ গ্যাস সংযোগ প্রদানকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা : সাভারে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১৫। ডিজিটাল বাংলাদেশ এখন ১৬ কোটি মানুষের ভিশন : আইসিটি প্রতিমন্ত্রী
১৬। বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণ করেছে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১৭। মহাখালী থেকে বাস টার্মিনাল সরিয়ে নিতে হবে : ডিএনসিসি মেয়র
১৮। আজ বসছে পদ্মাসেতুর ১৮তম স্প্যান : দৃশ্যমান ২ হাজার ৭০০ মিটার

চলমান পাতা-২

**১।　আন্তর্জাতিক বিচার আদালতে রোহিঙ্গা গণহত্যার বিচার শুরু**
**রোহিঙ্গাদের রক্ষায় আদালতের অন্তর্বর্তী আদেশ চায় গাম্বিয়া**

আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) মিয়ানমারের বিরুদ্ধে রোহিঙ্গা গণহত্যার বিচার শুরু হয়েছে। নেদারল্যান্ডসের দ্য হেগে অবস্থিত আদালতে গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) মামলার শুনানির প্রথমদিন রোহিঙ্গাদের ওপর মিয়ানমার সেনাবাহিনীর চালানো গণহত্যার বিস্তারিত তথ্য-প্রমাণ তুলে ধরেন বাদী দেশ গাম্বিয়ার আইনজীবীরা। তাদের প্রাথমিক উদ্দেশ্য আদালতের কাছ থেকে অন্তর্বর্তী আদেশ লাভ করা। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) দ্য হেগের স্থানীয় সময় সকাল ১০টায় বিভিন্ন দেশের কূটনীতিক, রোহিঙ্গা ও মানবাধিকার সংগঠনের প্রতিনিধিদের উপস্থিতিতে মামলার শুনানি শুরু হয়। গাম্বিয়ার প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দেশটির বিচারমন্ত্রী আবুবকর তামবাদু। মিয়ানমারের নেতৃত্ব দিচ্ছেন দেশটির স্টেট কাউন্সেলর অং সান সু চি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**২।　রাষ্ট্রীয় সব অনুষ্ঠানে জাতীয় স্লোগান ‘জয় বাংলা’ : হাইকোর্টের নির্দেশ**

রাষ্ট্রীয় সব অনুষ্ঠানে ‘জয় বাংলা’ স্লোগান বাধ্যতামূলক হচ্ছে। এ মর্মে নির্দেশনা দিয়েছে হাইকোর্ট। আদালত বলেছে, রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায় থেকে সর্বস্তরের রাষ্ট্রীয় অনুষ্ঠানে এ স্লোগান বলতে ও দিতে হবে। বিচারপতি এফ আর এম নাজমুল আহাসান ও বিচারপতি কে এম কামরুল কাদেরের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) এ নির্দেশনা দেয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**৩।　নির্ধারিত সময়ের মধ্যেই এসডিজি বাস্তবায়ন : আইসিসিবি’র সম্মেলনে রাষ্ট্রপতি**

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) নির্ধারিত সময়ের মধ্যেই বাস্তবায়ন করবে বাংলাদেশ। এ লক্ষ্য অর্জনে সরকার এরই মধ্যে সুনির্দিষ্ট ও সমন্বিত কর্মসূচি গ্রহণ করেছে বলে জানান রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল ( ১০ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে ‘এশিয়া-প্যাসিফিক কনফারেন্স অন ফিন্যান্সিং ইনক্লুসিভ অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট’ শীর্ষক তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**৪।　হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণসহ সাত প্রকল্প একনেকে অনুমোদন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণসহ সাতটি প্রকল্পের অনুমোদন দেয়া হয়েছে। এসব প্রকল্প বাস্তবায়নে মোট খরচ ধরা হয়েছে ৯ হাজার ২৪১ কোটি ২৫ লাখ ২৫ হাজার টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৪ হাজার ৩১৫ কোটি টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে ৪ হাজার ৯২৬ কোটি ২৪ হাজার টাকা খরচ করা হবে। বৈদেশিক সহায়তাটি মূলত জাইকা থেকে আসবে। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভায় সভাপতিত্ব করেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

**৫।　অপরাধী যে-ই হোক না কেন, শাস্তি পেতেই হবে : মানবাধিকার দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মানবাধিকার রক্ষায় সরকার আইনের শাসন নিশ্চিতে কাজ করে যাচ্ছে। অপরাধী যেই হোক না কেন, শাস্তি তাকে পেতেই হবে। বিশ্ব মানবাধিকার দিবস-২০১৯ উপলক্ষে গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। মানবাধিকার ও নাগরিকদের দায়িত্ব সম্পর্কে দেশের মানুষের মাঝে সচেতনতা সৃষ্টির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন, মানবাধিকার প্রতিষ্ঠার পূর্বশর্ত আইনের শাসন সমুন্নত রাখতে সরকার কাজ করে যাচ্ছে। মানবাধিকার ও নাগরিকদের দায়িত্ব সম্পর্কে দেশবাসীকে জানাতে হবে কেননা অধিকার ও দায়িত্ব একে অপরের পরিপূরক। তাঁর সরকার শ্রেণি-পেশা নির্বিশেষে মানবাধিকার রক্ষায় বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

**৬।  রোহিঙ্গা ইস্যুতে পাশে আছে তুরস্ক : স্পিকারকে রাষ্ট্রদূত**

মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসন ইস্যুতে তুরস্ক বাংলাদেশের পাশে থেকে সহযোগিতার আশ্বাস দেয়ায় কৃতজ্ঞতা জানিয়েছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) জাতীয় সংসদ ভবনে স্পিকারের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত দেভরিম ওজতুর্ক তার কার্যালয়ে বিদায়ী সাক্ষাৎ করেন। এ সময় তুরস্কের রাষ্ট্রদূত রোহিঙ্গা ইস্যুতে তাঁর দেশ সবসময় বাংলাদেশের পাশে থাকবে বলে স্পিকারকে আশ্বস্ত করেন। সাক্ষাৎকালে তাঁরা দ্বিপক্ষীয় সম্পর্কোন্নয়ন, সংসদীয় মৈত্রী গ্রুপ, রোহিঙ্গাদের নিরাপদ ও শান্তিপূর্ণ প্রত্যাবাসন ও ব্যবসা-বাণিজ্যের প্রসার নিয়ে আলোচনা করেন। সূত্র : **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৪)।

**৭।  মিয়ানমারের সেনা কর্মকর্তাদের ওপর যুক্তরাষ্ট্রের নতুন নিষেধাজ্ঞা**

রোহিঙ্গাসহ অন্য সংখ্যালঘুদের ওপর নিপীড়নের জন্য মিয়ানমারের সেনাপ্রধানসহ শীর্ষ চার সামরিক কর্মকর্তার ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) তাদের কালো তালিকা ভুক্ত করেছে জানিয়ে বার্তা সংস্থা রয়টার্স বলছে, মিয়ানমারের সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে ওয়াশিংটন এখন পর্যন্ত যে সব পদক্ষেপ নিয়েছে তার মধ্যে এবার সবচেয়ে কঠোর ব্যবস্থা নেওয়া হলো। এর ফলে মিয়ানমারের সেনা কর্মকর্তাদের যুক্তরাষ্ট্রে কোনো সম্পদ থাকলে তা জব্দ করা হবে। তাদের সঙ্গে কোনো ধরনের ব্যবসায়ী কার্যক্রম চালাতে পারবেন না আমেরিকার নাগরিকরা। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** ( শেষ পৃ,ক.২)।

**৮।  সন্তানদের ভালো কাজে ব্যস্ত রাখুন : উগ্রবাদবিরোধী জাতীয় সম্মেলনের সমাপনীতে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সন্তানদের সব সময় ভালো কাজে ব্যস্ত রাখতে হবে, যাতে তারা উগ্রবাদে জড়িয়ে না পড়ে। আমাদের সন্তানরা অদম্য মেধাবী। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় দুই দিনব্যাপী উগ্রবাদবিরোধী জাতীয় সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৯।  কর আদায়ে হয়রানি করা হবে না : সেরা ভ্যাটদাতাদের সম্মাননা অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, কর আদায়ে কাউকে কষ্ট দেওয়া হবে না। কেউ হয়রানির মুখেও পড়বেন না। কেউ হয়রানি করলে অভিযোগকারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এনবিআর আয়োজিত জাতীয় ভ্যাট দিবসের অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে দেশের সেরা ভ্যাটদাতা প্রতিষ্ঠানগুলোকে সম্মাননা জানানো হয়। এবার সর্বোচ্চ ভ্যাট দেওয়ার জন্য ১৪৪ প্রতিষ্ঠানকে সম্মাননা জানায় এনবিআর। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

**১০।  ২০১৮-১৯ অর্থবছরে বিবিএসের চূড়ান্ত হিসাবে জিডিপি প্রবৃদ্ধি ৮.১৫%**

২০১৮-১৯ অর্থবছরের চূড়ান্ত হিসাবে মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধি বেড়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) চূড়ান্ত হিসাব অনুযায়ী গত অর্থবছর দেশে জিডিপি প্রবৃদ্ধি হয়েছে ৮ দশমিক ১৫ শতাংশ। প্রাথমিক হিসাবে এর হার ছিল ৮ দশমিক ১৩ শতাংশ। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে পরিকল্পনা মন্ত্রণালয়ে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এসব তথ্য উপস্থাপন করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেকের বৈঠক শেষে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান সাংবাদিকদের এ বিষয়ে ব্রিফ করেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**১১।  সব গ্রামকে কমিউনিটিভিত্তিক করা হবে : স্থানীয় সরকার মন্ত্রী**

আমার গ্রাম-আমার শহর এ লক্ষ্য সামনে রেখে প্রতিটি গ্রামকে কমিউনিটিভিত্তিক তৈরি করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। যেখানে পরিকল্পিতভাবে আবাসিক এলাকা, শিক্ষাপ্রতিষ্ঠান, সুয়্যায়েজ সিস্টেম, বর্জ্য ব্যবস্থাপনা ও উন্নত যোগাযোগ ব্যবস্থা থাকবে। সে আলোকে কাজ চলছে। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর ইঞ্জিনিয়ার ইনস্টিটিউট অভ বাংলাদেশের বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক উপ-কমিটি আয়োজিত স্মার্ট সিটি ইন বাংলাদেশ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৭,ক.১)।

**১২। দেশে সংখ্যালঘু নির্যাতনের দৃষ্টান্ত নেই : লোকসভায় অমিত শাহের বক্ত্যের প্রতিক্রিয়ায় পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বাংলাদেশে সংখ্যালঘুরা নির্যাতনের শিকার হচ্ছে না বরং তারা শান্তি ও সম্প্রীতির সঙ্গে বসবাস করছে। ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বক্তব্যের পরিপ্রেক্ষিতে পররাষ্ট্রমন্ত্রী আব্দুল মোমেন গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.৮)।

**১৩। জলবায়ু অভিঘাত জীবন ও জীবনযাত্রা সঙ্কটাপন্ন করবে :**
**স্পেনে জাতিসংঘের ২৫তম জলবায়ু সম্মেলনে পরিবেশমন্ত্রী**

জলবায়ু সঙ্কট সম্পর্কে জরুরি সতর্কবার্তা প্রদানের মধ্য দিয়ে গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) জাতিসংঘের ২৫তম জলবায়ু সম্মেলনের হাইলেভেল সেগমেন্ট তথা মন্ত্রী পর্যায়ের বৈঠক শুরু হয়েছে স্পেনের মাদ্রিদে। এতে বলা হয়েছে, চলমান সঙ্কট মোকাবিলায় যে কোনো প্রকার বিলম্বের জন্য বিশ্ববাসীকে চরম মূল্য দিতে হবে। উদ্বোধন দিনে বাংলাদেশের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী মোঃ শাহাব উদ্দিন কার্বন দূষণকারী দেশগুলোকে সতর্ক করে দিয়ে বলেছেন, জলবায়ু সঙ্কট আমাদের মতো দেশগুলোর জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। জোরালো অভিযোজন কার্যক্রম গ্রহণ করা না হলে জলবায়ু পরিবর্তনের তীব্র অভিঘাত বাংলাদেশের মানুষের জীবন ও জীবনযাত্রাকে সঙ্কটাপন্ন করে তুলবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**১৪। অবৈধ গ্যাস সংযোগ প্রদানকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা : সাভারে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, দেশের বিভিন্ন স্থানে যারা অবৈধ গ্যাস সংযোগ দিয়েছেন তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) সাভারে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে এক অনুষ্ঠানে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৫,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৮)।

**১৫। ডিজিটাল বাংলাদেশ এখন ১৬ কোটি মানুষের ভিশন : আইসিটি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ‘ডিজিটাল বাংলাদেশ’ ভিশন এখন ১৬ কোটি মানুষের ভিশনে পরিণত হয়েছে। গতকাল (১০ ডিস্বের মঙ্গলবার) আগারগাঁওয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) মিলনায়তনে ‘ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯’ উদ্‌যাপন উপলক্ষে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি ঘোষণার পর দেশে বিগত ১১ বছরে তথ্যপ্রযুক্তি খাতে ১০ লক্ষাধিক তরুণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। আইটি খাতের সম্প্রসারণের জন্য আগামী ৫ বছরে দেশে আরও ১০ লক্ষাধিক মানুষের কর্মসংস্থানের সুযোগ হবে। ‘সত্য মিথ্যা যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে’ প্রতিপাদ্যকে সামনে রেখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে তৃতীয়বারের মতো আগামী ১২ ডিসেম্বর যথাযথ মর্যাদায় জেলা-উপজেলাসহ দেশব্যাপী ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯ উদ্‌যাপিত হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৪,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১৬। বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণ করেছে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, দুর্নীতি দেশের উন্নয়নকে বাধাগ্রস্ত করে। তাই দুর্নীতির কারণে উন্নয়ন যেন বাধাগ্রস্ত না হয়, সে বিষয়ে সবাইকে সজাগ থাকতে হবে। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) ময়মনসিংহে শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণ করেছে। দুর্নীতিমুক্ত সমাজ গড়ার পাশাপাশি দেশকে উন্নত সমৃদ্ধ রাষ্ট্রে পরিণত করতে সবাইকে আন্তরিকভাবে কাজ করতে হবে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.১৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.৫,ক.৪)।

**১৭। মহাখালী থেকে বাস টার্মিনাল সরিয়ে নিতে হবে : ডিএনসিসি মেয়র**

মহাখালী থেকে আন্তঃজেলা বাস টার্মিনাল সরিয়ে নিতে হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র মো. আতিকুল ইসলাম। তিনি বলেন, কোনোভাবেই ঢাকার ভেতরে আন্তঃজেলা বাস চলাচল করতে দেয়া উচিত নয়। গতকাল (১০ ডিসেম্বর মঙ্গলবার) মহাখালী বাস টার্মিনালে বাস মালিক শ্রমিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৮,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১৮। আজ বসছে পদ্মাসেতুর ১৮তম স্প্যান : দৃশ্যমান ২ হাজার ৭০০ মিটার**

পদ্মাসেতুর ১৮তম স্প্যান বসানো হচ্ছে আজ (১১ ডিসেম্বর বুধবার)। সেতুর জাজিরা প্রান্তে ১৭-১৮ নম্বর পিয়ারের ওপর ৩-ই স্প্যানটি বসানো হবে। এ স্প্যানটি বসানো হলে সেতুর ২ হাজার ৭০০ মিটার দৃশ্যমান হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭)।

**সম্পাদকীয়**

[

ক. **ইত্তেফাক :** দেশে বছরে প্রায় ৭১ হাজার হেক্টর কৃষিজমি অকৃষি খাতে চলে যাচ্ছে, বাংলাদেশ ইনস্টিটিউট অভ প্ল্যানার্স এর এক গবেষণা প্রতিবেদনে এ তথ্য উঠে আসার কথা উল্লেখ করে কৃষিজমি সংরক্ষণে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **বণিক বার্তা :** মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের গত বছর তিন ধাপের পর এবার আরো এক ধাপ অগ্রগতি হয়েছে উল্লেখ করে এ অগ্রগতির ধারা ক্রমবর্ধমান কিভাবে করা যায় তা খুঁজে বের করে সে অনুযায়ী পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ :** রোহিঙ্গা জেনোসাইডের দায়ে আন্তর্জাতিক আদালতে বিচারের মুখোমুখি হয়েছে মিয়ানমার উল্লেখ করে বাংলাদেশে আশ্রয়রত রোহিঙ্গারা যাতে নিজ দেশে দ্রুত ফিরে যেতে পারে এ প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সমকাল :** ঢাকার বাতাসে ক্ষতিকর উপাদানের মাত্রা অসহনীয় পর্যায়ে চলে গেছে উল্লেখ করে বায়ুদূষণ রোধে যথযাথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ** : ময়মনসিংহ শহর থেকে জেলার বিভিন্ন রোডে বিআরটিসির বাস চলাচলের প্রতিবাদে এবং বিআরটিসির বাস শ্রমিকদের সঙ্গে গণপরিবহণ শ্রমিকদের বাকবিতণ্ডা ও দ্বন্দ্বের জেরে ময়মনসিংহ অঞ্চলের সব রুটে বাস চলাচল বন্ধ করে দেয় পরিবহণ মালিক ও শ্রমিকরা উল্লেখ করে পরিবহণ ধর্মঘটের অপসংস্কৃতি কঠোরভাবে দমন করার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে র‌্যাগিং বন্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দুর্নীতি নির্মূল করা সম্ভব হলে বাংলাদেশ হবে বিশ্বের বুকে একটি মর্যাদাশীল ও গর্বিত দেশ।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'পাখি নিধন রুখতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, প্রাকৃতিক ভারসাম্য রক্ষা ও জীববৈচিত্র্য সংরক্ষণের স্বার্থে অতিথি পাখি বিরাট ভূমিকা রাখে, তাই অতিথি পাখির বিচরণের জন্য আমাদের দেশে অভয়ারণ্যের সৃষ্টি করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা